ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২৬৩৪</u>

জম্পুইজলা, ৩০ আগস্ট, ২০২৫

**প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ে জম্পুইজলায় ম্যারাথন দৌড় প্রতিযোগিতা**

জম্পুইজলা মহকুমা শাসক কার্যালয়ের উদ্যোগে গতকাল প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ে ম্যারাথন দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। জম্পুইজলা দ্বাদশমান বিদ্যালয়ের খেলার মাঠ থেকে সাংকুমাস্থিত সপ্তম টিএসআর ব্যাটেলিয়ানের সদর দপ্তর প্রাঙ্গণ পর্যন্ত এই ম্যারাথন দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক চিরঞ্জীব আনন, জম্পুইজলার ডিসিএম বেঞ্জামিন ডার্লং ও সুদীপ দেববর্মা, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, সপ্তম টিএসআর ব্যাটেলিয়ানের কর্মীগণ, ৭১ সিআরপিএফ ব্যাটেলিয়ানের কর্মীগণ এবং আপদামিত্রগণ অংশগ্রহণ করেন।

******